**AKASHVANI (Kolkata)**
**Regional News Unit**

**Date : 15-09-24** **Desk in Charge :**
**Time : 7.50 P.M.** **Compiling :**
**Opening Announcement –** আকাশবাণী / খবর পড়ছি –

বিশেষ বিশেষ খবর –

১/ RG KA-এ তরুণী PGT চিকিৎসকের ধর্ষণ খুনের ঘটনায় ধৃত প্রাক্তন অধ্যক্ষ সন্দীপ ঘোষ ও টালা থানার তৎকালীন ওসি অভিজিৎ মণ্ডলকে শিয়ালদা আদালত তিনদিনের CBI হেফাজতে পাঠিয়েছে।

# বৃহত্তর ষড়যন্ত্রের অভিযোগ করেছে সি বি আই।

২/ মুখ্যমন্ত্রীর কালীঘাটের বাড়িতে গত সন্ধ্যায় জুনিয়ার ডাক্তারদের সঙ্গে আলোচনা ভেস্তে যাওয়া নিয়ে রাজনৈতিক চাপান-উতোর তুঙ্গে।

# রোগীদের চিকিৎসা পরিষেবা নিশ্চিত করতে বিশেষ সহায়তা কেন্দ্র খুলছে রাজ্য সরকার।

৩/ রাজ্যে আজ চালু হল, তিনটি নতুন বন্দে ভারত এক্সপ্রেস।

৪/ গাঙ্গেয় পশ্চিমবঙ্গের ওপর কেন্দ্রীভূত অতিগভীর নিম্নচাপের প্রভাবে আজ দক্ষিণবঙ্গের সব জেলাতেই বৃষ্টি হচ্ছে। ১৭ তারিখ থেকে বৃষ্টি কমবে।

# একটানা দুর্যোগ চলতে থাকায়, জেলাগুলিকে বিশেষভাবে সতর্ক করেছে রাজ্য সরকার।

*************************************************************

RG KAR মেডিক্যাল কলেজ হাসপাতালে তরুণী PGT চিকিৎসকের ধর্ষণ খুনের ঘটনায় ধৃত প্রাক্তন অধ্যক্ষ সন্দীপ ঘোষ ও টালা থানার তৎকালীন ওসি অভিজিৎ মণ্ডলকে তিনদিনের CBI হেফাজতে পাঠিয়েছে শিয়ালদা আদালত।

ওই ঘটনায় বৃহত্তর ষড়যন্ত্রের অভিযোগ করেছে CBI । ঘটনাস্থলের বিকৃতি ঘটানো, তথ্যপ্রমাণ লোপাট, FIR দায়েরে বিলম্ব, তদন্তকে ভুল পথে চালিত করা, অপরাধমূলক ষড়যন্ত্র এবং সরকারি বিধি না মানার অভিযোগে গতরাতে সন্দীপ এবং অভিজিৎকে গ্রেপ্তার করা হয়। এর আগে RG KAR-এ আর্থিক দুর্নীতির অভিযোগে সন্দীপকে গ্রেপ্তার করেছিল সি বি আই। জেল হেফাজত থেকেই তাকে গ্রেপ্তার দেখানো হয়। এই নিয়ে চিকিৎসক পড়ুয়ার ধর্ষণ খুনে তিনজনকে গ্রেপ্তার করা হলো।

৯'ই আগস্ট খুনের ঘটনা প্রকাশ্যে আসার একদিন পরেই, সিভিক ভলেন্টিয়ার সঞ্জয় রায়কে গ্রেপ্তার করে পুলিশ। এরপর হাইকোর্টের নির্দেশে ধর্ষণ খুন এবং হাসপাতালে আর্থিক দুর্নীতির তদন্তভার হাতে নেয় সিবিআই।

**********************

মুখ্যমন্ত্রীর কালীঘাটের বাড়িতে গত সন্ধ্যায় জুনিয়ার ডাক্তারদের সঙ্গে আলোচনা ভেস্তে যাওয়া নিয়ে রাজনৈতিক চাপান-উতোর তুঙ্গে।

মুখ্যমন্ত্রীর বাড়িতে প্রতিবাদী আন্দোলনকারীদের অপেক্ষায় ছিলেন স্বাস্থ্য প্রতিমন্ত্রী চন্দ্রিমা ভট্টাচার্য। তাঁর দাবী, তিন ঘন্টা পর জুনিয়ার ডাক্তাররা তাঁদের শর্ত থেকে কিছুটা সরে এসে মুখ্যমন্ত্রীর সঙ্গে বৈঠকের কথা বললেও, দীর্ঘক্ষণ অপেক্ষা করার পর রাজ্যের তরফে কেউ তাতে যোগ দিতে চাননি।

( বাইট- চন্দ্রিমা )

অন্যদিকে, ধর্নাস্থলে দাঁড়িয়ে মুখ্যমন্ত্রীর সঙ্গে আলোচনা ভেস্তে যাওয়ার বিবরণ তুলে ধরেন জুনিয়ার ডাক্তাররা।

( বাইট- জুনিয়ার ডাক্তার)

বিজেপির রাজ্য সভাপতি সুকান্ত মজুমদারের অভিযোগ, সন্দীপ ঘোষ ও অভিজিত মন্ডলের গ্রেপ্তার হবার খবরে ভয় পেয়েই মুখ্যমন্ত্রী জুনিয়ার ডাক্তারদের সঙ্গে বৈঠকে বসেন নি। টালা থানার ওসি-র একার সিদ্ধান্তে প্রমাণ লোপাট সম্ভব নয় বলে'ও মনে করেন সুকান্ত মজুমদার।

( বাইট- সুকান্ত অন CM )

প্রবীন কংগ্রেস নেতা **অধীররঞ্জন** চৌধুরীও বলেছেন, আন্দোলনরত ডাক্তারদের তরফে যে প্রশ্ন করা হতো, তার জবাব দেওয়ার ক্ষমতা মুখ্যমন্ত্রীর নেই। সেই কারণেই বৈঠক এড়িয়ে গেছেন তিনি। ( জুনিয়ার ডাক্তারদের কর্মবিরতির জেরে চিকিৎসা না পেয়ে মৃত্যুর  অভিযোগের কোনো সারবত্তা নেই বলেও অধীরবাবু মন্তব্য করেন।)

*********************

RG KAR কান্ডে ন্যায় বিচারের দাবীতে বৃষ্টি মাথায় নিয়েই চলছে প্রতিবাদ।

স্বাস্থ্য ভবনের সামনে জুনিয়ার ডাক্তারদের অবস্থান বিক্ষোভের আজ ষষ্ঠ দিন।

পাঁচ দফা দাবীতে সল্টলেকের সেন্ট্রাল পার্ক থেকে স্বাস্থ্যভবন পর্যন্ত তাঁরা আজ মহামিছিল করেন। মিছিলে পা মেলান সিনিয়ার চিকিৎসকরা'ও।

বিচার চেয়ে পথে নামেন অবসরপ্রাপ্ত সেনাকর্তা ও কর্মীরা। যাদবপুর থেকে শুরু হয়ে মিছিল শেষ হয় গড়িয়াহাটে।

করুণাময়ীতে আজ প্রতিবাদ মিছিলে যোগ দেন নার্সরা।

অভয়ার বিচারের দাবীতে ওয়েলিংটনে মিছিল করেন ক্যালকাটা গার্লসের প্রাক্তনীরা। যোধপুর পার্ক থেকে গড়িয়াহাট মোড় পর্যন্ত মিছিলে পা মেলান যোধপুর গার্লসের প্রাক্তন পড়ুয়ারা।

নদীয়ার রবিতীর্থ বিদ্যালয়ের প্রাক্তনীরা'ও আজ বৃষ্টি উপেক্ষা করে মিছিলে হাঁটেন।

হুগলীর উত্তরপাড়ার **১১** টি স্কুলের প্রাক্তনীরা প্রতিকূল আবহাওয়ার মধ্যেই গৌরী হলের সামনে জড়ো হন। প্রতিবাদে যোগ দেন বিভিন্ন ক্লাবের সদস্যরাও। হাওড়ার বালি ও বেলুড় থেকেও বহু মানুষ এতে সামিল হন।

*********************

আরজি কর ইস্যুতে জুনিয়র চিকিৎসকদের কর্মবিরতির মধ্যে রোগীদের চিকিৎসা পরিষেবা নিশ্চিত করতে রাজ্য সরকার, বিশেষ সহায়তা কেন্দ্র খোলার সিদ্ধান্ত নিয়েছে। স্বাস্থ্য দপ্তরের উদ্যোগে কলকাতা ও হাওড়ার সাতটি জায়গায় 'মে আই হেল্প ইউ' বুথ খোলা হবে বলে দপ্তর সূত্রে জানা গিয়েছে।

সাঁতরাগাছি বাসস্ট্যান্ডের কাছে কোণা এক্সপ্রেসওয়ে, নিবেদিতা সেতু টোল প্লাজা, তারাতলা মোড়, রাজারহাটে মঙ্গলদীপ আন্ডারপাস, কামালগাজী মোড় ট্যাক্সি স্ট্যান্ড,

জোকা ট্রাম ডিপো এবং গড়িয়ায় খোলা বুথগুলি থেকে হাসপাতালে দ্রুত রোগী ভর্তি ও অ্যাম্বুলেন্স পরিষেবার সুবিধা পাওয়া যাবে বলে জানা গিয়েছে।

*********************

নদীয়ার নবদ্বীপের গঙ্গানগর এলাকায়, প্রতিবেশী এক মহিলাকে কু-প্রস্তাব ও অশ্লীল আচরণের অভিযোগে এক পুলিশ কর্মী গ্রেফতার হয়েছে।

সূত্রের খবর, গত ১১ ই সেপ্টেম্বর বিকেলে বছর ৩৫ এর প্রতিবেশী এক মহিলার পথ আটকে ওই পুলিশ কর্মী তাঁকে কু-প্রস্তাব দেয়। তার শাড়ি ধরে টানাটানি'ও করা হয় বলে অভযোগ।

*********************

ফের শ্লীলতাহানির ঘটনায় 'কলকাতা ইনস্টিটিউট অফ চাইল্ড হেলথে।

পুলিশ সূত্রে জানা গেছে, হাসপাতালে অসুস্থ শিশুর পাশে মা ঘুমন্ত অবস্থায় ছিলেন। তাঁর অভিযোগ, হাসপাতালের ওয়ার্ড বয়, নাম তনয় পাল তাঁর শ্লীলতাহানি করে। ভিডিও তোলার'ও চেষ্টা করে। অভিযুক্তকে গ্রেপ্তার করে পুলিশ।

*********************

বীরভূমের ময়ূরেশ্বরে ডাইনি অপবাদে দুই আদিবাসী মহিলাকে পিটিয়ে খুনের ঘটনায় আরো ছ'জনকে গ্রেপ্তার করেছে পুলিশ। এদের মধ্যে পাঁচ জনই মহিলা। আজ তাদের রামপুরহাট মহকুমা আদালতে তোলা হলে, ২৭শে সেপ্টেম্বর পর্যন্ত জেল হেফাজতের নির্দেশ দেন বিচারক।

এই নিয়ে মোট ২১ জনকে এই ঘটনায় গ্রেপ্তার করা হল।

*********************

রাজ্যে আজ চালু হল, তিনটি নতুন বন্দে ভারত এক্সপ্রেস।

প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী আজ ভিডিও কনফারেন্সিং মাধ্যমে ৬ টি বন্দে ভারত এক্সপ্রেসের যাত্রার সূচনা করেন। হাওড়া থেকে Rourkela, ভাগলপুর এবং গয়ার মধ্যে যাতায়াত করবে এই তিনটি ট্রেন।

এই উপলক্ষ্যে হাওড়া স্টেশনে আজ আয়োজিত অনুষ্ঠানে হাওড়া - Rourkela বন্দে ভারত এক্সপ্রেসের যাত্রার সূচনা পর্বে উপস্থিত ছিলেন কেন্দ্রীয় শিক্ষা প্রতিমন্ত্রী সুকান্ত মজুমদার।

( বাইট- সুকান্ত )

*********************

গাঙ্গেয় পশ্চিমবঙ্গের ওপর কেন্দ্রীভূত অতিগভীর নিম্নচাপটি আজ বেলা বিকেল সাড়ে ৫'টা নাগাদ কলকাতা থেকে প্রায় ১২০ কিলোমিটার পশ্চিম-উত্তর পশ্চিমে অবস্থান করছিল। বাঁকুড়া থেকে এটি ছিল ৭০ কিলোমিটার দক্ষিণে। ক্রমশঃ এই নিম্নচাপ পশ্চিমের দিকে সরে যাওয়ার সম্ভাবনা।

আলিপুর আবহাওয়া দপ্তরের বিজ্ঞানী সৌরিশ বন্দ্যোপাধ্যায় আকাশবাণীকে জানিয়েছেন, আগামীকাল তীব্রতা কমে এটি গভীর নিম্নচাপে পরিণত হবে। এর প্রভাবে আজ দক্ষিণবঙ্গের সবকটি জেলায় বৃষ্টি হচ্ছে। দু'এক জায়গায় অতি ভারী বৃষ্টির সম্ভাবনা।

(বাইট- সৌরিশ )

নিম্নচাপ ও মৌসুমী অক্ষরেখার প্রভাবে, প্রবল বর্ষণে বিপর্যস্ত দক্ষিণ ২৪ পরগণার জনজীবন ব্যাহত।

আমাদের জেলা সংবাদদাতা জানাচ্ছেন, সুন্দরবন এলাকায় ঝড় বৃষ্টির দাপট বেশী।

(ভিসি- গৌতম )

*********************

রাজ্যজুড়ে টানা দুর্যোগের প্রেক্ষিতে রাজ্য সরকার জেলা গুলিকে বিশেষ ভাবে সতর্ক থাকার নির্দেশ দিয়েছে। আগামী কয়েকদিন এই দুর্যোগ পরিস্থিতি অব্যাহত থাকার পূর্বাভাস থাকায় মুখ্যসচিব মনোজ পন্থ প্রস্তুত থাকার জন্য জেলাশাসকদের নির্দেশ দিয়েছেন। প্রয়োজনীয় ত্রাণ সামগ্রী প্রস্তুত রাখতে বলা হয়েছে।বাঁধ গুলি সরেজমিনে পরিদর্শন করতে বলা হয়েছে।

*********************

নদিয়ার নবদ্বীপের গঙ্গানগর এলাকায়, প্রতিবেশী এক মহিলাকে কু-প্রস্তাব ও অশ্লীল আচরণের অভিযোগে এক পুলিশ কর্মী গ্রেফতার হয়েছে। সূত্রের খবর, গত ১১ ই

সেপ্টেম্বর বিকেলে বছর ৩৫ এর প্রতিবেশী এক মহিলার পথ আটকে ,ওই পুলিশ কর্মী তাকে কু-প্রস্তাব দেয়। তার শাড়ি ধরে টানাটানি করা হয় বলে অভযোগ।।
নবদ্বীপ থানায় লিখিত অভিযোগ দায়ের হলে, আজ সকালে অভিযুক্তকে গ্রেফতার করা হয়। পাড়ার অনেক মহিলাকেই এই পুলিশ কর্মী উত্ত্যক্ত করত বলে অভিযোগ।

*********************************************************************